দৈনিক আমাদের সময়

তারিখ ... 21 JUN 2016 ...
পৃষ্ঠা ... [illegible] ... কলাম ... [illegible] ...

# একাদশে ভর্তির দ্বিতীয় মেধাতালিকা প্রকাশ ২৪ জুন

নিজস্ব প্রতিবেদক ●
মূল মেধাতালিকা থেকে ভর্তি শেষে কলেজগুলোয় শূন্য আসনের বিপরীতে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির জন্য অপেক্ষমাণদের দ্বিতীয় মেধাতালিকা প্রকাশ করা হবে ২৪ জুন। আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। গত ১৬ জুন শিক্ষা প্রতিষ্ঠানগুলোর আসনের বিপরীতে মেধাতালিকা প্রকাশ করা হয়। ওই তালিকা ধরে ২২ জুন পর্যন্ত শিক্ষার্থী ভর্তি করা হবে। অনলাইনের মাধ্যমে সর্বোচ্চ ১০টি এবং এসএমএসের মাধ্যমে আরও ১০টিসহ মোট ২০টি কলেজে আবেদনের সুযোগ ছিল এবার। সেই হিসেবে ১৩ লাখ এক হাজার ৯৯ জন শিক্ষার্থীর মোট আবেদনের সংখ্যা দাঁড়িয়েছে ৪৪ লাখ ৯২ হাজার ১৪০টি।